

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ
প্রশাসন শাখা-২
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.legislatediv.gov.bd

নং- ৫৫.০০.০০০০.১০৫.৩২.০০১.১৫- ১৭৬

তারিখঃ ২৫/০৪/১৮ খ্রিঃ।

সভার নোটিশ

বিষয়: ১৩-১৫ মে, ২০১৮খ্রিঃ তারিখে জেনেভায় অনুষ্ঠিতব্য মানবাধিকার সংক্রান্ত বাংলাদেশের তৃতীয় Universal Periodic Review (UPR) এর সভায় অংশগ্রহণের নিমিত্ত গঠিত বাংলাদেশ প্রতিনিধিদলের প্রস্তুতিমূলক সভা আহ্বান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, ১৩-১৫ মে, ২০১৮ তারিখে সুইজারল্যান্ডের জেনেভায় জাতিসংঘ মানবাধিকার কাউন্সিলে মানবাধিকার সংক্রান্ত বাংলাদেশের তৃতীয় Universal Periodic Review (UPR) এর সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় মাননীয় মন্ত্রী, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের নেতৃত্বে বাংলাদেশ প্রতিনিধিদল অংশগ্রহণ করবেন। উক্ত সম্মেলনে অংশগ্রহণের পূর্ব প্রস্তুতি হিসেবে একটি প্রস্তুতিমূলক সভা ৩০/০৪/২০১৮ খ্রিঃ তারিখ দুপুর ১২.০০ ঘটিকায় মাননীয় মন্ত্রী, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের সভাপতিত্বে মন্ত্রণালয়ের সভাকক্ষে (কক্ষ নং-৭২৭, ৮ম তলা, ভবন-৪, বাংলাদেশ সচিবালয়) অনুষ্ঠিত হবে।

২। উক্ত প্রস্তুতিমূলক সভায় প্রয়োজনীয় তথ্যাদিসহ উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



(স্বাক্ষর: সাহিনুর রহমান)

সহকারী সচিব (প্রশাসন-২)

ফোন-৯৫৪০৩১৯

ই-মেইল: admin2@legislatediv.gov.bd.

সদয় কার্যার্থে ও অবগতির জন্য বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. চেয়ারম্যান, জাতীয় মানবাধিকার কমিশন, এইচ ৪ বিটিএমসি ভবন ৭-৯, কাওরান বাজার, ঢাকা।
২. মহা পুলিশ পরিদর্শক, পুলিশ সদর দপ্তর, ঢাকা।
৩. সিনিয়র সচিব/সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (যুগ্মসচিব বা তদূর্ধ্ব পদমর্যাদা সম্পন্ন একজন প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ)।
৪. সিনিয়র সচিব/সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (যুগ্মসচিব বা তদূর্ধ্ব পদমর্যাদা সম্পন্ন একজন প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ)।
৫. সিনিয়র সচিব/সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (যুগ্মসচিব বা তদূর্ধ্ব পদমর্যাদা সম্পন্ন একজন প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ)।
৬. সিনিয়র সচিব/সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (যুগ্মসচিব বা তদূর্ধ্ব পদমর্যাদা সম্পন্ন একজন প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ)।
৭. মহাপরিচালক/পরিচালক, জাতিসংঘ অনুবিভাগ, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৮. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৯. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় উপস্থিতি নিশ্চিতকরণের অনুরোধসহ)।
১০. উপসচিব (নিরাপত্তা-২), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (এই নোটিশটিকে সচিবালয় প্রবেশপত্র হিসেবে গণ্য করার অনুরোধসহ)।
১১. সিস্টেম এনালিস্ট, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১২. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।
১৩. এ্যাডভোকেট জনাব কাউসার আহমেদ, পরামর্শক, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
১৪. সিনিয়র সহকারী সচিব (বিচার শাখা-৫), আইন ও বিচার বিভাগ (উল্লিখিত তারিখ ও সময়ে সভাকক্ষ খোলা রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
১৫. সহকারী সচিব (প্রঃ-১), লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ (তাকে সভাকক্ষ প্রস্তুত রাখা ও আপ্যায়নের জন্য অনুরোধ করা হলো)।
১৬. যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।
১৭. অফিস কপি।